

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৮৭০

তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
০৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষের শ্রেণিকার্যক্রম শুরু হওয়া প্রসঙ্গে।

শিশুশ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, সরকার নির্দেশিত কোভিড-১৯ এর যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ০২ জানুয়ারি ২০২২ রবিবার থেকে বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম শুরু হবে।

১। ৫ম, ৮ম, ৯ম, ১০ম ও দ্বাদশ শ্রেণির শ্রেণিকার্যক্রম প্রতি সপ্তাহে রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত নিম্নলিখিত ছক অনুসারে অনুষ্ঠিত হবে:

শ্রেণি	আগমনের সময়	শ্রেণিকার্যক্রমের সময়	ছুটির সময়	প্রবেশ ও বাহির হওয়ার গেইট
৫ম	১১:০০ মি.	১১:১০ - ১২:৩০ মি.	১২:৩০ মি.	২ নং গেইট
৮ম	০৮:১০ মি.	০৮:৩০ - ১০:৩০ মি.	১০:৩০ মি.	
৯ম				
১০ম (এসএসসি-২০২৩)	১১:০০ মি.	১১:১০ - ০১:৫০ মি.	০১:৫০ মি.	
১২শ (এইচএসসি-২০২২)				

২। ১ম - ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শ্রেণিকার্যক্রমের সময়সূচি:

শ্রেণি	বার	আগমনের সময়	শ্রেণিকার্যক্রমের সময়	ছুটির সময়	প্রবেশ ও বাহির হওয়ার গেইট
১ম	রবিবার	১১:৪০	১১:৫০ - ০১:১০ মি.	০১:১০	৩ নং গেইট
২য়	সোমবার				৩ নং গেইট
৩য়	রবি, সোম	০৯:০০	০৯:১০ - ১০:৩০ মি.	১০:৩০	৩ নং গেইট
৪র্থ	মঙ্গল, বুধ				২ নং গেইট
৬ষ্ঠ	রবি				২ নং গেইট
৭ম	সোম				২ নং গেইট

৩। ১ম - ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বাকি দিনগুলির অনলাইন শ্রেণিকার্যক্রমের সময়সূচি এবং শিশুশ্রেণির অনলাইন শ্রেণিকার্যক্রমের সময়সূচি যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

বিঃদ্র: শিক্ষার্থীরা উপরিউক্ত বিষয়গুলোর পাশাপাশি নিম্নবর্ণিত বিষয়ের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করবে:

(ক) শিক্ষার্থীরা বিদ্যালয় কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান করবে।

(খ) শিক্ষার্থীরা আগমনের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সুশৃঙ্খলভাবে বিদ্যালয়ের অভ্যন্তরে প্রবেশ করবে।

(গ) ছুটির সময় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষের ক্রমানুসারে (রুম নম্বর অনুসারে) নির্ধারিত সিঁড়ি ব্যবহার করে শিক্ষকের তত্ত্বাবধানে নিচে নামবে।

(ঘ) শিক্ষার্থীরা তাদের রোল নম্বর অনুসারে ধারাবাহিকভাবে শ্রেণিকক্ষে আসন গ্রহণ করবে।

(ঙ) সর্বোপরি, শিক্ষার্থীদেরকে সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/

জহুরা বেগম

অধ্যক্ষ